

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩২.০০.০০০০.০১৯.২৫.০৪৭.২৩-২৩০,

তারিখঃ ০৮/১০/২০২৩ খ্রিঃ।

জনাব মোঃ মাসুদুর রহমান, উপসচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৩/৯/২০২৩ তারিখে
কিশোর-কিশোরী ক্লাব, বাইশটিলা সরকারি প্রাথমিক বিদ্যালয় খাদিমনগর এবং কৃষ্ণ গোবিন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়,
খাদিমপাড়া, সিলেট পরিদর্শন প্রতিবেদন

০১।	প্রকল্প/কর্মসূচীর নাম	:	কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
০২।	এপিএ সংশ্লিষ্টতা (কর্মসম্পাদন সূচকের নাম ও ক্রম নম্বর) ও অগ্রগতি	:	ক্রম নম্বর [৪.৬.১], অগ্রগতি ১০০%
০৩।	প্রকল্প এলাকা	:	সিলেট সদর, সিলেট।
০৪।	বাস্তবায়নকাল	:	অক্টোবর ২০১৯ হতে চলমান।
০৫।	বাস্তবায়নকারী সংস্থার নাম	:	মহিলা বিষয়ক অধিদপ্তর
০৬।	প্রকল্প/কর্মসূচির মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	৩৯৬৮০১৭ লক্ষ (প্রায়)
০৭।	বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি	:	১০০%
০৮।	প্রকল্প/কর্মসূচির অঙ্গাণুয় বাস্তবায়ন অগ্রগতি (সিলেট সদর/সিটি কর্পোরেশন, সিলেট)	:	ক) আর্থিক (লক্ষ টাকায়): ৩৯৬৮০১৭ লক্ষ (প্রায়)
		:	খ) বাস্তব (%): ১০০%
০৯।	প্রকল্প/ কর্মসূচির মূল উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ	:	সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর কিশোরীদের জেন্ডার বেইজড ভায়োলেঞ্চ প্রতিরোধে সক্ষম করা এবং Sexual & Reproductive Health And Rights (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের অবস্থানকে দৃঢ় করা। কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে কিশোর-কিশোরী সম্পর্ক সুদৃঢ় করা এবং ক্লাব সদস্যের মধ্যে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে নেতৃত্বের বিকাশ ঘটানো যাতে তারা বাল্য বিয়ে ইভটিজিং মাদক সেবন প্রভৃতি সামাজিক অনাচার প্রতিরোধে সমাজে মুখ্য ভূমিকা পালন করে সমাজের ইতিবাচক পরিবর্তন আনয়ন করতে পারে। কিশোর কিশোরীদের মধ্যে সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দেশাত্মকবোধক গান ও আবৃত্তি শেখানোর মধ্যদিয়ে দেশপ্রেমের উদ্বুদ্ধ করা।
১০।	প্রকল্পের মাধ্যমে অর্জনযোগ্য ফলাফল	:	১০০%।
১১।	প্রকল্পে বিরাজমান সমস্যাসমূহ	:	০১। ক্লাব পরিদর্শনের জন্য ফিল্ড সুপারভাইজারের ০৩টি পদের বিপরীতে ০২টি মোটর সাইকেল সরবরাহ করা হয়েছে। ০২। ক্লাবগুলোতে হারমোনিয়াম ও তবলা প্রদান করা হলেও তবলার জন্য কোন শিক্ষকের নিয়োগ দেয়া হয়নি। ০৩। নাস্তার জন্য জনপ্রতি বরাদ্দ ৩০ টাকায় পুষ্টিকর নাস্তা পাওয়া যায় না। ০৪। ক্লাবগুলোর কার্যক্রম ছুটির দিনে বিদ্যালয়ে পরিচালনা করা হয়। বিদ্যালয়গুলোর দপ্তরি/অফিস সহায়কের কোন ভাতার ব্যবস্থা না থাকায় বিদ্যালয়ের দপ্তরি/অফিস সহায়ক ছুটির দিনে কাজ করতে আগ্রহী নয়।

২


১২।	সমস্যাসমূহ সমাধানের উপায় /সুপারিশসমূহ	: ০১। ক্লাব পরিদর্শনের জন্য আরও ০১টি মোটর সাইকেলের ব্যবস্থা করা যেতে পারে। ০২। প্রতি ক্লাবে তবলার জন্য শিক্ষক নিয়োগের ব্যবস্থা নেয়া যেতে পারে। ০৩। ক্লাব সংশ্লিষ্ট বিদ্যালয়গুলোর দপ্তরি/অফিস সহায়কের জন্য কিছু ভাতা/সম্মানীর ব্যবস্থা/বরাদ্দ করা যেতে পারে। ০৪। ফিল্ড সুপারভাইজার/সংগীত ও আবৃত্তি শিক্ষকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ০৫। পুষ্টিকর নাস্তার জন্য জনপ্রতি বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করা যেতে পারে।
-----	--	--



কিশোর-কিশোরী ক্লাব, বাইশটিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, খাদিমনগর, সিলেট পরিদর্শনের ছবি।



কিশোর-কিশোরী ক্লাব, কৃষ্ণ গোবিন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়, খাদিমপাড়া, সিলেট পরিদর্শনের ছবি।


 মোঃ মাসুদুর রহমান
 উপসচিব (প্রশাসন-২)
 মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়